# ইউআইটিএস-এ সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের পুণর্মিলনী

প্রেস বিজ্ঞপ্তি
১৬ সেপ্টেম্বর ২০২৩, ০৯:৫৪ পিএম




ইউআইটিএস-এ সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের পুণর্মিলনী

দেশে প্রতিষ্ঠিত প্রথম তথ্যপ্রযুক্তি ও বিজ্ঞান ভিত্তিক বেসরকারি বিশ্ববিদ্যালয় ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেস (ইউআইটিএস)-এ দিনব্যাপী জাঁকজমকপূর্ণভাবে সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রাক্তন শিক্ষার্থীদের পুণর্মিলনী অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার ইউআইটিএস ক্যাম্পাসে ইউআইটিএস সিভিল ইঞ্জিনিয়ারিং অ্যালামনাই অ্যাসোসিয়েশনের উদ্যোগে ইউআইটিএস সিভিল ইঞ্জিনিয়ারিং ক্লাব-ইউসেক ও বিভাগীয় সকল শিক্ষকমণ্ডলীর সার্বিক সহযোগিতায় ভিন্নধর্মী এই কার্যক্রম আয়োজিত হয়েছে। দিনব্যাপী এই অনুষ্ঠানে সেমিনার, গেম শো, র‍্যাফেল ড্র, শিক্ষার্থীদের পরিবেশনায় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান এবং জনপ্রিয় ব্যান্ড 'সুপ্রকাশ এন্ড ফ্রেন্ডস' এর সংগীত পরিবেশিত হয়।

দিনের শুরুতেই বিশ্ববিদ্যালয়য়ের পিএচপি স্কয়ারে উদ্বোধনী সভা আয়োজিত হয়। সভায় প্রধান অতিথি হিসেবে ভার্চ্যুয়ালি যুক্ত ছিলেন ইউআইটিএস বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান ও পিএচপি পরিবারের প্রতিষ্ঠাতা, একুশে পদকপ্রাপ্ত আলহাজ্ব সুফি মো. মিজানুর রহমান।

সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইউআইটিএস-এর উপাচার্য অধ্যাপক ড. মো. আবু হাসান ভুঁইয়া। সভায় বিশেষ অতিথি হিসেবে আরও উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সিরাজ উদ্দীন আহমেদ, রেজিস্ট্রার মো. কামরুল হাসান, ছাত্রকল্যাণ উপদেষ্টা মো. তারিকুল ইসলাম, ডিটিসিএ-এর ডেপুটি ট্রান্সপোর্ট প্ল্যানার ধ্রুব আলম, সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান আয়শা আক্তার, সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের অ্যালামনাই ও সহকারী অধ্যাপক মো. মহিউদ্দিন আহমেদ।

ছাড়া বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীরা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। উদ্বোধনী সভা সঞ্চালনা করেন ইউআইটিএস সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের বর্তমান ছাত্র, ইউআইটিএস সিভিল ইঞ্জিনিয়ারিং ক্লাবের সভাপতি মমিনুল হক রাকিব ও প্রাক্তন ছাত্র শাকিল ইসলাম সুমন।




সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান আয়শা আক্তার স্বাগত বক্তব্যে এই অনুষ্ঠান বাস্তবায়নে প্রাক্তন শিক্ষার্থীদের নিরলস পরিশ্রমের জন্য ধন্যবাদ জ্ঞাপন করে বলেন, ‘সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ বরাবরই সৃষ্টিশীল ও মেধাবীদের মিলনমেলা। আমাদের শিক্ষার্থীদের মেধা বিকশিত করতেই আমরা এ ধরনের ভিন্নধর্মী আয়োজন করে থাকি।’

ছাত্রকল্যাণ উপদেষ্টা মো. তারিকুল ইসলাম বলেন, ‘প্রাক্তন শিক্ষার্থীদের এ ধরনের প্রোগ্রাম বিভাগ, বর্তমান শিক্ষার্থী ও প্রাক্তন শিক্ষার্থীদের মধ্যে একধরনের সেতুবন্ধরূপে কাজ করে। এ ধরনের প্রোগ্রাম আরও নিয়মিত আয়োজন করা উচিত।’

অনুষ্ঠানে উপস্থিত হতে পেরে বেশ আনন্দিত বলে জানিয়েছেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সিরাজ উদ্দীন আহমেদ। তিনি বলেন, ‘আজকের এই

অনুষ্ঠান আমাকে আমার বিশ্ববিদ্যালয় জীবনের কথা মনে করিয়ে দিচ্ছে। ইউআইটিএস আপনাদের ক্যাম্পাস। সুতরাং এই ক্যাম্পাসে নিয়মিত আসবেন এবং এ ধরনের প্রোগ্রামের ধারা অব্যাহত রাখবেন।’

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে ইউআইটিএস-এর উপাচার্য অধ্যাপক ড. মো. আবু হাসান ভূঁইয়া বলেন, ‘আমি সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রতি অসংখ্য ধন্যবাদ জানাই এ ধরনের ব্যতিক্রমধর্মী আয়জনের জন্য। শিক্ষার্থীরা নিজেদের কর্মজীবনে গিয়েও এখনো বিশ্ববিদ্যালয়ের প্রতি ভালোবাসার জায়গা থেকে এই আয়োজন করেছে, যা সত্যিই প্রশংসার দাবীদার।’




অনুষ্ঠানে ভার্চ্যুয়ালি যুক্ত হয়ে অনুষ্ঠানের প্রধান অতিথি, ইউআইটিএস বোর্ড অব ট্রাস্টিজ এর চেয়ারম্যান ও পিএচপি পরিবারের প্রতিষ্ঠাতা একুশে পদকপ্রাপ্ত আলহাজ্ব সুফি মো. মিজানুর রহমান বলেন, ‘ইউআইটিএস শুধুমাত্র একটি প্রতিষ্ঠান নয়। এটি একটি পরিবার। আপনারা সবাই এই পরিবারের সদস্য। আপনারা ভালো সিভিল ইঞ্জিনিয়ার ও ভালো মানুষ হয়ে দেশের সেবায় নিজেদের বিলিয়ে দেবেন সেই প্রত্যাশা আমার।’ এ সময় তিনি প্রাক্তন শিক্ষার্থীদের সার্বিক মঙ্গল কামনা করে দিনব্যাপী পুণর্মিলনী অনুষ্ঠানের উদ্বোধন ঘোষণা করেন।

পরবর্তীতে প্রাক্তন শিক্ষার্থীদের সঙ্গে একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় সকল প্রাক্তন শিক্ষার্থী নিজেদের নাম, ব্যাচ ও বর্তমান কর্মস্থল সম্পর্কে সবাইকে অবহিত করেন।

মধ্যাহ্নভোজের বিরতির পর শুরু হয় গেম শো। প্রাক্তন শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ের পিএচপি স্কয়ারে ক্যারাম, টেনিসসহ বিভিন্ন গেমে অংশগ্রহণ করেন এবং বিজয়ীদের পুরষ্কার বিতরণ করা হয়।

দিনের শেষভাগে অনুষ্ঠিত হয় শিক্ষার্থীদের পরিবেশনায় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। জাতীয় সংগীত ও দেশাত্মবোধক গানে দলীয় নাচের মাধ্যমে সাংস্কৃতিক অনুষ্ঠান শুরু হয়। নাচ, গান, কবিতা আবৃত্তি ও অভিনয়ের মাধ্যমে উপস্থিত দর্শকদের মাতিয়ে রাখেন শিক্ষার্থীরা।

এ সময় প্রাক্তন শিক্ষার্থীদের জন্য র‍্যাফেল ড্র আয়োজন করা হয় বিভাগের পক্ষ থেকে। র‍্যাফেল ড্র বিজয়ীদের হাতে পুরষ্কার তুলে দেন ছাত্রকল্যাণ উপদেষ্টা মো. তারিকুল ইসলাম ও সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রভাষক সুব্রত রয়। শিক্ষার্থীদের পরিবেশনার পর ঐতিহাসিক সব গানে মাতিয়ে তুলেন ব্যান্ড দল ‘সুপ্রকাশ এন্ড ফ্রেন্ডস।’